

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬১৫
মোহনপুর, ৯ নভেম্বর, ২০২৩

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনা
লেফুঙ্গা ব্লকে মোরগ পালনে সহায়তা

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় চলতি অর্থবছরে লেফুঙ্গা ব্লকে ৩৮৮টি পরিবারকে মোরগ পালনে সহায়তা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যে ১৮৫টি পরিবারকে ১০টি করে উন্নত প্রজাতির মোরগ ও মোরগ পালনের সহায়ক সামগ্রী দেওয়া হয়। তাছাড়া এই যোজনায় ব্লকের ৮৪টি পরিবারকে হাঁস পালনে সহায়তা দেওয়া হবে। মোহনপুর প্রাণীসম্পদ বিকাশ কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
